

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু



## কর্মসংস্থান ব্যাংক

রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান

আইটি বিভাগ

www.kb.gov.bd | e-mail:it@kb.gov.bd



তারিখ: ২৫ জুন ২০২০

সূত্র নম্বরঃ ৫৩.১৭.০০০০.০৭০.৯৯.০০৭.১৯-৪৮৬

সকল উপমহাব্যবস্থাপক/সহকারী মহাব্যবস্থাপক(বি: দা:), বিভাগীয় কার্যালয়

সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা

সকল আঞ্চলিক ব্যবস্থাপক

সকল শাখা ব্যবস্থাপক

কর্মসংস্থান ব্যাংক।

### বিষয়: স্থানীয়ভাবে ইউপিএস মেরামত।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। কর্মসংস্থান ব্যাংকের সকল শাখা/কার্যালয়ে কম্পিউটার সরবরাহের সময় একটি করে ইউপিএসও সরবরাহ করা হয়েছে। সরবরাহকৃত ইউপিএস ব্যাকআপ দিচ্ছেনা/কাজ করছেনা জানিয়ে নতুন ইউপিএস সরবরাহের জন্য কোনো কোনো শাখা/কার্যালয় হতে টেলিফোন/পত্র মারফত অনুরোধ জানানো হচ্ছে। প্রধান কার্যালয় হতে নতুন ইউপিএস ক্রয় করে বিভিন্ন শাখা/কার্যালয়ে প্রেরণ করা সময়সাপেক্ষ। তাছাড়া কুরিয়ার সার্ভিস - এর মাধ্যমে ইউপিএস প্রেরণ করার ক্ষেত্রে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ ব্যয় হয়।

০৩। এতদপ্রেক্ষিতে, শাখা/কার্যালয়ের অব্যবহৃত ইউপিএস স্থানীয়ভাবে মেরামত (প্রয়োজ্য ক্ষেত্রে ব্যাটারী সংযোজনসহ) করা গেলে সময় ও অর্থ উভয়ই সাশ্রয় হবে। উল্লেখ্য, পর্বদ সচিবালয়ের ২৯.০৫.২০১৭ তারিখের পরিপত্র নং-পস-০২/২০১৭ এর সংযোজনী-৩ এর ৩৮(খ)(৬) নং অনুচ্ছেদ অনুযায়ী কম্পিউটার/কম্পিউটার সামগ্রী মেরামতের জন্য এক দফায় সর্বোচ্চ ৫,০০০.০০(পাঁচ হাজার) টাকা পর্যন্ত সংশ্লিষ্ট আঞ্চলিক ব্যবস্থাপক এবং সংযোজনী-৩ এর ৩৮(খ)(৪) নং অনুচ্ছেদ অনুযায়ী এক দফায় সর্বোচ্চ ১০,০০০.০০(দশ হাজার) টাকা পর্যন্ত সংশ্লিষ্ট বিভাগীয় উপমহাব্যবস্থাপক অনুমোদন করতে পারেন।

০৪। এমতাবস্থায়, বিভিন্ন শাখা/কার্যালয়ে অব্যবহৃত মেরামতযোগ্য ইউপিএস প্রয়োজ্য ক্ষেত্রে ব্যাটারী সংযোজনসহ স্থানীয়ভাবে মেরামত করে ব্যবহারের জন্য পরামর্শ দেয়া হলো। উল্লেখ্য, বিদ্যুৎ চলে যাওয়ার ক্ষেত্রে Document Save/Program Close করার জন্য ইউপিএস এর ব্যাকআপ ব্যবহার করতে হবে, ইউপিএস এর ব্যাকআপ দিয়ে স্বাভাবিক কার্যক্রম পরিচালনা করা থেকে সর্বদা বিরত থাকারও পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত

(মোঃ আলা উদ্দিন)

উপমহাব্যবস্থাপক

তারিখ: -ঐ-

সূত্র নম্বরঃ ৫৩.১৭.০০০০.০৭০.৯৯.০০৭.১৯-৪৮৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক - এর সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক - এর দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

০৪। সকল উপমহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক(বি: দা:), কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

০৫। বোর্ড সচিব, পর্বদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

০৬। অফিস নথি।

(মো: জাহাঙ্গীর আলম বেপারী)

সহকারী মহাব্যবস্থাপক

প্রধান কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক ভবন, ১, রাজউক এভিনিউ, ঢাকা।